# অনুশীলনী ১.১



টিক চিহ্নিত বিষয়গুলো বেশি গুরুত্ব দিয়ে পড়ো

- ✓১. স্বাভাবিক সংখ্যার অঙ্কপাতন
- ২. দেশীয় ও আন্তর্জাতিক রীতিতে অঙ্কপাতন
- ✓৩. দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক

কোনো কিছু গণনা এবং পরিমাপ করার জন্য আমরা সংখ্যা ও ভগ্নাংশ ব্যবহার করে থাকি। গণনা পদ্ধতির জন্য সংখ্যার ধারণা মানব সভ্যতার প্রাচীনতম আবিষ্কারগুলোর মধ্যে অন্যতম।




জার্মান গণিতবিদ রিচার্ড ডেডিকাইন্ড (*Richard Dedekind 1831-1916*) অমূলদ সংখ্যাকে পুনঃসংজ্ঞায়িত করেন। গণিতের বিভিন্ন শাখায় বিশেষ করে বিমূর্ত গণিত, বীজগণিতীয় সংখ্যা তত্ত্ব এবং বাস্তব সংখ্যার ভিত্তিমূলে তাঁর অবদান রয়েছে।

## প্র্যাকটিস অংশ: শ্রেণির কাজ ও অনুশীলনীর প্রশ্ন



■ ৭টি অনুশীলনীর প্রশ্ন | ৭টি সাধারণ অঙ্ক

## অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

অনুশীলনীর প্রশ্নগুলো মনোযোগ দিয়ে প্র্যাকটিস করো। তাহলে তুমি অনুশীলনীর গাণিতিক সমস্যার অনুরূপ যেকোনো প্রশ্নের সমাধান করতে পারবে।

**১. নিচের সংখ্যাগুলো অঙ্কে লেখ:**

**(ক) বিশ হাজার সত্তর, ত্রিশ হাজার আট, পঞ্চান্ন হাজার চারশ।**

**সমাধান:**

**বিশ হাজার সত্তর**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২ | ০ | ০ | ৭ | ০ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরটিতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি = ২০,০৭০। (উত্তর)

**ত্রিশ হাজার আট**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ৩ | ০ | ০ | ০ | ৮ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৩০,০০৮। (উত্তর)

**পঞ্চান্ন হাজার চারশ**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ৫ | ৫ | ৪ | ০ | ০ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০(শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৫৫,৪০০। (উত্তর)

**(খ) চার লক্ষ পাঁচ হাজার, সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর।**

**সমাধান:**

**চার লক্ষ পাঁচ হাজার**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৪ | ০ | ৫ | ০ | ০ | ০ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৪,০৫,০০০। (উত্তর)

**সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৭ | ০ | ২ | ০ | ৭ | ৫ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও শতকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৭,০২,০৭৫। (উত্তর)

**(গ) ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর, ত্রিশ লক্ষ নয়শ চার।**

**সমাধান:**

**ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | ৭ | ৬ | ০ | ৯ | ০ | ৭ | ০ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও শতকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৭৬,০৯,০৭০। (উত্তর)

**ত্রিশ লক্ষ নয়শ চার**

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| | ৩ | ০ | ০ | ০ | ৯ | ০ | ৪ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, হাজার ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৩০,০০,৯০৪। (উত্তর)

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA

(ঘ) পাঁচ কোটি তিন লক্ষ দুই হাজার সাত।

সমাধান:

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| ৫ | ০ | ৩ | ০ | ২ | ০ | ০ | ৭ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

∴ সংখ্যাটি ৫,০৩,০২,০০৭। (উত্তর)

(ঙ) আটানব্বই কোটি সাত লক্ষ পাঁচ হাজার নয়।

সমাধান:

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| ৯৮ | ০ | ৭ | ০ | ৫ | ০ | ০ | ৯ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, তাই কোটির সম্পূর্ণ মান এক সাথে কোটির ঘরে বসানো হয়।

∴ সংখ্যাটি ৯৮,০৭,০৫,০০৯। (উত্তর)

(চ) একশ দুই কোটি পাঁচ হাজার সাতশ আট।

সমাধান:

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| ১০২ | ০ | ০ | ০ | ৫ | ৭ | ০ | ৮ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, লক্ষ, অযুত ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসানো হয়।

∴ সংখ্যাটি ১০২,০০,০৫,৭০৮। (উত্তর)

(ছ) নয়শ পঞ্চান্ন কোটি সাত লক্ষ নব্বই।

সমাধান :

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| ৯৫৫ | ০ | ৭ | ০ | ০ | ০ | ৯ | ০ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, হাজার ও শতকের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসানো হয়।

∴ সংখ্যাটি ৯৫৫,০৭,০০,০৯০। (উত্তর)

(জ) তিন হাজার পাঁচশ কোটি পঁচাশি লক্ষ নয়শ একুশ।

সমাধান :

| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৫০০ | ৮ | ৫ | ০ | ০ | ৯ | ২ | ১ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও হাজারের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু, কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসানো হয়।

∴ সংখ্যাটি ৩,৫০০,৮৫,০০,৯২১। (উত্তর)

(ঝ) পঞ্চাশ বিলিয়ন তিনশ এক মিলিয়ন পাঁচশ আটত্রিশ হাজার।

সমাধান:

| বিলিয়ন | মিলিয়ন | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|
| ৫০ | ৩০১ | ৫৩৮ | ০ | ০ | ০ |

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। এ খালি ঘরগুলোতে ০ (শূন্য) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

যেহেতু, বিলিয়নের বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু বিলিয়নের সম্পূর্ণ মানকে একত্রে বিলিয়নের ঘরে বসানো হয়।

∴ সংখ্যাটি ৫০,৩০১,৫৩৮,০০০। (উত্তর)

২. নিচের সংখ্যাগুলো কথায় লেখ:

(ক) ৪৫৭৮৯; ৪১০০৭; ৮৯১০৭১।

সমাধান:

৪৫৭৮৯

অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৫, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়:

পঁয়তাল্লিশ হাজার সাতশ উননব্বই।

৪১০০৭

অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪১, শতক ও দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৭ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: একচল্লিশ হাজার সাত।

৮৯১০৭১

লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯১, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ১ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: আট লক্ষ একানব্বই হাজার একাত্তর।

(খ) ২০০০৭৮; ৭৯০৬৭৮; ৮৯০০৭৫।

সমাধান:

২০০০৭৮

লক্ষের ঘরে ২, অযুত ও হাজারের ঘরে ০, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: দুই লক্ষ আটাত্তর।

৭৯০৬৭৮

লক্ষের ঘরে ৭, অযুত ও হাজারের ঘরে দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে ৬, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: সাত লক্ষ নব্বই হাজার ছয়শ আটাত্তর।

৮৯০০৭৫

লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরে দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: আট লক্ষ নব্বই হাজার পঁচাত্তর।

REDMI NOTE 8 PRO
MI DUAL CAMERA

(গ) ৪৪০০৭৮৫; ৬৮৭০৫০৯; ৭১০৫০৭০।

সমাধান:

৪৪০০৭৮৫

নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৪, অযুত ও হাজারের ঘরে ০, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: চুয়াল্লিশ লক্ষ সাতশ পঁচাশি।

৬৮৭০৫০৯

নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৬৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭০, শতকের ঘরে ৫, দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়:

আটষট্টি লক্ষ সত্তর হাজার পাঁচশ নয়।

৭১০৫০৭০

নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭১, অযুতের ঘরে ০, হাজারের ঘরে ৫, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ০ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়:

একাত্তর লক্ষ পাঁচ হাজার সত্তর।

(ঘ) ৫০৮৭৭০০৩; ৯৪৩০৯৭৯৯; ৮৩৯০০৭৬৫।

সমাধান:

৫০৮৭৭০০৩

কোটির ঘরে ৫, নিযুতের ঘরে ০, লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭৭, শতক ও দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৩ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়:

পাঁচ কোটি আট লক্ষ সাতাত্তর হাজার তিন।

৯৪৩০৯৭৯৯

কোটির ঘরে ৯, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৩, অযুতের ঘরে ০, হাজারের ঘরে ৯, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৯ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়:

নয় কোটি তেতাল্লিশ লক্ষ নয় হাজার সাতশ নিরানব্বই।

৮৩৯০০৭৬৫

কোটির ঘরে ৮, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৩৯, অযুত ও হাজারের ঘরে ০, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৬ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং সংখ্যাটি কথায় প্রকাশ করলে হয়:

আট কোটি উনচল্লিশ লক্ষ সাতশ পঁয়ষট্টি।

৩. নিচের সংখ্যাগুলোতে যে সকল সার্থক অঙ্ক আছে তাদের স্থানীয় মান নির্ণয় কর:

**নিয়ম**

ধাপ-১: ডান দিকের অঙ্ক থেকে শুরু করে বাম দিকের অঙ্কগুলোর স্থানীয় মান লিখতে হবে।

(ক) ৭২

সমাধান: প্রদত্ত ৭২ সংখ্যাটিতে

২ এর স্থানীয় মান ২ একক অর্থাৎ ২ × ১ বা, ২ বা, দুই

৭ " " " ৭ দশক অর্থাৎ ৭ × ১০ বা, ৭০ বা, সত্তর

∴ ৭২ সংখ্যাটিতে ৭ ও ২ এর স্থানীয় মান যথাক্রমে সত্তর, দুই। (উত্তর)

(খ) ৩৫৯

সমাধান: প্রদত্ত ৩৫৯ সংখ্যাটিতে

৯ এর স্থানীয় মান ৯ একক অর্থাৎ ৯ ×১ বা, ৯ বা, নয়

৫ " " " ৫ দশক অর্থাৎ ৫× ১০ বা, ৫০ বা, পঞ্চাশ

৩ " " " ৩ শতক অর্থাৎ ৩ × ১০০

বা, ৩০০ বা, তিনশ

∴ ৩৫৯ সংখ্যাটিতে ৩, ৫, ৯ এর স্থানীয় মান যথাক্রমে তিনশ, পঞ্চাশ, নয়। (উত্তর)

(গ) ৪২০৩

সমাধান: প্রদত্ত ৪২০৩ সংখ্যাটিতে

৩ এর স্থানীয় মান ৩ একক অর্থাৎ ৩ ×১ বা, ৩ বা, তিন

২ " " " ২ শতক অর্থাৎ ২ × ১০০ বা, ২০০ বা, দুইশ

৪ " " " ৪ হাজার অর্থাৎ ৪ × ১০০০

বা, ৪০০০ বা, চার হাজার

∴ ৪২০৩ সংখ্যাটিতে ৪, ২, ৩ এর স্থানীয় মান যথাক্রমে চার হাজার, দুইশ, তিন। (উত্তর)

(ঘ) ৭০৮০৯

সমাধান: প্রদত্ত ৭০৮০৯ সংখ্যাটিতে

৯ এর স্থানীয় মান ৯ একক অর্থাৎ ৯ × ১ বা, ৯ বা, নয়

৮ " " " ৮ শতক অর্থাৎ ৮ × ১০০ বা, ৮০০ বা, আটশ

৭ " " " ৭ অযুত অর্থাৎ ৭ × ১০,০০০

বা, ৭০,০০০ বা, সত্তর হাজার

∴ ৭০৮০৯ সংখ্যাটিতে ৭, ৮, ৯ এর স্থানীয়মান যথাক্রমে সত্তর হাজার, আটশ, নয়। (উত্তর)

(ঙ) ১৩০০৪৫০৭৮

সমাধান: প্রদত্ত ১৩০০৪৫০৭৮ সংখ্যাটিতে

৮ এর স্থানীয় মান ৮ একক অর্থাৎ ৮ × ১ বা, ৮ বা, আট

৭ " " " ৭ দশক অর্থাৎ ৭ × ১০ বা, ৭০ বা, সত্তর

৫ " " " ৫ হাজার অর্থাৎ ৫ × ১০০০

বা, ৫,০০০ বা, পাঁচ হাজার

৪ " " " ৪ অযুত অর্থাৎ ৪ × ১০,০০০

বা, ৪০,০০০ বা, চল্লিশ হাজার

৩ " " " ৩ কোটি অর্থাৎ ৩ ×১,০০,০০,০০০

বা, ৩,০০,০০,০০০ বা, তিন কোটি

১ " " " ১ দশক কোটি অর্থাৎ ১০ × ১,০০,০০,০০০

বা, ১০,০০,০০,০০০ বা, দশ কোটি

∴ ১৩০০৪৫০৭৮ সংখ্যাটিতে ১, ৩, ৪, ৫, ৭, ৮ এর স্থানীয় মান যথাক্রমে দশ কোটি, তিন কোটি, চল্লিশ হাজার, পাঁচ হাজার, সত্তর, আট। (উত্তর)

(চ) ২৫০০০৯৭০৯

সমাধান: এখানে প্রদত্ত ২৫০০০৯৭০৯ সংখ্যাটিতে

৯ এর স্থানীয় মান ৯ একক অর্থাৎ ৯ × ১ বা, ৯ বা, নয়

৭ " " " ৭ শতক অর্থাৎ ৭ × ১০০ বা, ৭০০ বা, সাতশ

৯ " " " ৯ হাজার অর্থাৎ ৯ × ১০০০

বা, ৯,০০০ বা, নয় হাজার

৫ " " " ৫ কোটি অর্থাৎ ৫ ×১,০০,০০,০০০

বা, ৫,০০,০০,০০০ বা, পাঁচ কোটি

২ " " " ২ দশক কোটি অর্থাৎ ২০ × ১,০০,০০,০০০

বা ২০,০০,০০,০০০ বা, বিশ কোটি

∴ ২৫০০০৯৭০৯ সংখ্যাটি ২, ৫, ৯, ৭, ৯ এর স্থানীয় মান যথাক্রমে বিশ কোটি, পাঁচ কোটি, নয় হাজার, সাতশ, নয়। (উত্তর)

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA

(ছ) ৫৯০০০০৭৮৪৫

সমাধান: এখানে প্রদত্ত ৫৯০০০০৭৮৪৫ সংখ্যাটিতে

৫ এর স্থানীয় মান ৫ একক অর্থাৎ ৫ × ১ বা, ৫ বা, পাঁচ

৪ ,, ,, ,, ৪ দশক অর্থাৎ ৪ × ১০ বা, ৪০ বা, চল্লিশ

৮ ,, ,, ,, ৮ শতক অর্থাৎ ৮ × ১০০ বা, ৮০০ বা, আটশ

৭ ,, ,, ,, ৭ হাজার অর্থাৎ ৭ × ১০০০
বা, ৭,০০০ বা, সাত হাজার

৯ ,, ,, ,, ৯ দশক কোটি
অর্থাৎ ৯০ × ১,০০,০০,০০০ বা, ৯০,০০,০০,০০০
বা, নব্বই কোটি

৫ ,, ,, ,, ৫ শতক কোটি
অর্থাৎ ৫০০ × ১,০০,০০,০০০
বা, ৫০০,০০,০০,০০০ বা, পাঁচশ কোটি

∴ ৫৯০০০০৭৮৪৫ সংখ্যাটিতে ৫, ৯, ৭, ৮, ৪, ৫ এর স্থানীয় মান যথাক্রমে পাঁচশ কোটি, নব্বই কোটি, সাত হাজার, আটশ, চল্লিশ, পাঁচ। (উত্তর)

গণিত

(জ) ৯০০৭৫৮৪৩২

সমাধান: এখানে প্রদত্ত ৯০০৭৫৮৪৩২ সংখ্যাটিতে

২ এর স্থানীয় মান ২ একক অর্থাৎ ২ × ১ বা, ২ বা, দুই

৩ ,, ,, ,, ৩ দশক অর্থাৎ ৩ × ১০ বা, ৩০ বা, ত্রিশ

৪ ,, ,, ,, ৪ শতক অর্থাৎ ৪ × ১০০ বা, ৪০০ বা, চারশ

৮ ,, ,, ,, ৮ হাজার অর্থাৎ ৮ × ১০০০
বা, ৮,০০০ বা, আট হাজার

৫ ,, ,, ,, ৫ অযুত অর্থাৎ ৫ × ১০,০০০
বা, ৫০,০০০ বা, পঞ্চাশ হাজার

৭ ,, ,, ,, ৭ লক্ষ অর্থাৎ ৭ × ১,০০,০০০
বা, ৭,০০,০০০ বা, সাত লক্ষ

৯ ,, ,, ,, ৯ দশক কোটি অর্থাৎ ৯০ × ১,০০,০০,০০০
বা, ৯০,০০,০০,০০০ বা, নব্বই কোটি

∴ ৯০০৭৫৮৪৩২ সংখ্যাটিতে ৯, ৭, ৫, ৮, ৪, ৩ ও ২ এর স্থানীয় মান যথাক্রমে নব্বই কোটি, সাত লক্ষ, পঞ্চাশ হাজার, আট হাজার, চারশ, ত্রিশ, দুই। (উত্তর)

(ঝ) ১০৫৭৮০৯২৩০০৪

সমাধান: এখানে প্রদত্ত ১০৫৭৮০৯২৩০০৪ সংখ্যাটিতে

৪ এর স্থানীয় মান ৪ একক অর্থাৎ ৪ × ১ বা, ৪ বা, চার

৩ ,, ,, ,, ৩ হাজার অর্থাৎ ৩ × ১০০০
বা, ৩,০০০ বা, তিন হাজার

২ ,, ,, ,, ২ অযুত অর্থাৎ ২ × ১০,০০০
বা, ২০,০০০ বা, বিশ হাজার

৯ ,, ,, ,, ৯ লক্ষ অর্থাৎ ৯ × ১,০০,০০০
বা, ৯,০০,০০০ বা, নয় লক্ষ

৮ ,, ,, ,, ৮ কোটি অর্থাৎ ৮ × ১,০০,০০,০০০
বা, ৮,০০,০০,০০০ বা, আট কোটি

৭ ,, ,, ,, ৭ দশক কোটি অর্থাৎ ৭০ × ১,০০,০০,০০০
বা, ৭০,০০,০০,০০০ বা, সত্তর কোটি

৫ ,, ,, ,, ৫ শতক কোটি অর্থাৎ ৫০০ × ১,০০,০০,০০০
বা, ৫০০,০০,০০,০০০ বা, পাঁচশ কোটি

১ ,, ,, ,, ১ অযুত কোটি অর্থাৎ ১০,০০০
× ১,০০,০০,০০০ বা, ১০০০০,০০,০০,০০০ বা, দশ হাজার কোটি

∴ ১০৫৭৮০৯২৩০০৪ সংখ্যাটিতে ১, ৫,৭, ৮, ৯, ২, ৩, ৪ এর স্থানীয় মান যথাক্রমে দশ হাজার কোটি, পাঁচশ কোটি, সত্তর কোটি, আট কোটি, নয় লক্ষ, বিশ হাজার, তিন হাজার, চার। (উত্তর)

৪. নয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ।

সমাধান: এক অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯। অঙ্ক পাতনের যেকোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে। সুতরাং ৯টি ৯ পর পর লিখলেই নয় অঙ্কের বৃহত্তম সংখ্যা পাওয়া যায়।

∴ নির্ণেয় বৃহত্তম সংখ্যা = ৯৯,৯৯,৯৯,৯৯৯। (উত্তর)

আবার, ক্ষুদ্রতম অঙ্ক হলো ০ (শূন্য)। পর পর নয়টি ০ (শূন্য) লিখলে কোনো সংখ্যা প্রকাশ করে না। সুতরাং সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ লিখে ডানে পর পর আটটি ০ (শূন্য) বসালে নয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা: ১০,০০,০০,০০০। (উত্তর)

৫. একই অঙ্ক মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর:

নিয়ম

ধাপ-১: প্রদত্ত অঙ্কগুলোকে বড় থেকে ছোট ক্রমে সাজাতে হবে।
ধাপ-২: কমার মাধ্যমে সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা লিখতে হবে।
ধাপ-৩: পুনরায় প্রদত্ত অঙ্কগুলোকে ছোট থেকে বড় ক্রমে সাজাতে হবে।
ধাপ-৪: কমার মাধ্যমে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা লিখতে হবে।

(ক) ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩

সমাধান: অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তম অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতম অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।

এখানে, ৯ > ৮ > ৫ > ৪ > ৩ > ২ > ১

সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে। ∴ বৃহত্তম সংখ্যা ৯৮,৫৪,৩২১ (উত্তর)

আবার, ১ < ২ < ৩ < ৪ < ৫ < ৮ < ৯

সংখ্যাটি ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

∴ ক্ষুদ্রতম সংখ্যা: ১২,৩৪,৫৮৯ (উত্তর)

(খ) ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭

সমাধান: অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তম অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতম অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।

এখানে, ৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০

সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে। ∴ বৃহত্তম সংখ্যা ৯৮,৭৫,৪৩০ (উত্তর)

আবার, ০ < ৩ < ৪ < ৫ < ৭ < ৮ < ৯

সংখ্যাটি ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে। কিন্তু সর্ববামে ০ (শূন্য) বসালে প্রাপ্ত সংখ্যাটি অর্থবোধক সাত অঙ্কের সংখ্যা না হয়ে সংখ্যাটি ছয় অঙ্কের হবে।

অতএব, ০ (শূন্য) বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যায়।

∴ ক্ষুদ্রতম সংখ্যা: ৩০,৪৫,৭৮৯ (উত্তর)

৬. সাত অঙ্কবিশিষ্ট কোন বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার প্রথমে ৭ এবং শেষে ৬ আছে?

সমাধান: এক অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯। অঙ্কপাতনের যেকোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে।

সুতরাং, সাতটি ৯ পর পর লিখলেই সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা পাওয়া যায়।

কিন্তু প্রথমে ৭ এবং শেষে ৬ বিশিষ্ট সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা হবে ৭৯,৯৯,৯৯৬।

আবার, ক্ষুদ্রতম অঙ্ক হলো ০ (শূন্য)।
পর পর সাতটি ০ (শূন্য) লিখলে কোনো সংখ্যা প্রকাশ করে না।
সুতরাং, সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ লিখে ডানে পর পর ছয়টি ০ (শূন্য) বসালে ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।
কিন্তু প্রথমে ৭ এবং শেষে ৬ বিশিষ্ট সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে = ৭০,০০,০০৬।
∴ নির্ণেয় সংখ্যা ৭৯,৯৯,৯৯৬; ৭০,০০,০০৬। (উত্তর)

৭. ৭৩৪৫৫-এর অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা হয় তা কথায় প্রকাশ কর।
সমাধান: প্রদত্ত সংখ্যা = ৭৩৪৫৫
বিপরীতক্রমে সাজালে সংখ্যাটি হবে = ৫৫৪৩৭
সুতরাং কথায় প্রকাশ করলে সংখ্যাটি হবে:
পঞ্চান্ন হাজার চারশ সাঁইত্রিশ। (উত্তর)

## প্র্যাকটিস অংশ: সৃজনশীল বহুনির্বাচনি

■ ৪১টি বহুনির্বাচনি প্রশ্ন | ২৭টি সাধারণ | ৪টি বহুপদী সমাপ্তিসূচক | ১০টি অভিন্ন তথ্যভিত্তিক

### বিষয়ক্রম অনুযায়ী প্রশ্ন ও উত্তর

পাঠ্যবইটি ভালো করে পড়ো। গুরুত্বপূর্ণ তথ্য মনে রাখতে অনুশীলন করো TOP TIPS। পাশের উত্তর ঢেকে প্রশ্নগুলো অনুশীলন করো। এরপর ঢেকে রাখা সঠিক উত্তরটি দেখে নাও।

#### ১.১ অঙ্কপাতন | Text পৃষ্ঠা-১

TOP TIPS

- সব সংখ্যাকেই দশটি প্রতীক দ্বারা প্রকাশ করা হয়
- দশটি সংখ্যা প্রতীক হলো : ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০
- প্রতীকগুলোকে অঙ্ক বলা হয়
- স্বাভাবিক সংখ্যার মধ্যে শূন্য নেই
- সার্থক অঙ্ক নয়টি
- কোনো সংখ্যা অঙ্ক দ্বারা লেখাকে অঙ্কপাতন বলে
- ৯ অপেক্ষা বড় সব সংখ্যাই দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লেখা হয়

১. কোনো সংখ্যা অঙ্ক দ্বারা লেখাকে কী বলে? (সহজ)
ক) সংখ্যাপাতন খ) বিভাজ্যতা
গ) অঙ্কপাতন ঘ) স্বকীয় মান — গ

২. সংখ্যা প্রতীকগুলোর মধ্যে সার্থক অঙ্ক কয়টি? (সহজ)
ক) ২ খ) ৫ গ) ৮ ঘ) ৯ — ঘ

৩. সংখ্যায় ব্যবহৃত কোনো অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে তাকে কী বলে? (সহজ) /গাইবান্ধা সরকারি বালক উচ্চ বিদ্যালয়/
ক) স্থানীয় মান খ) স্বকীয় মান
গ) সার্থক মান ঘ) দশমিক মান — ক

৪. ৮৩০৫৬০৪০ সংখ্যাটিতে সার্থক অঙ্ক সংখ্যা কয়টি? (মধ্যম)
ক) ৪ খ) ৫ গ) ৬ ঘ) ৭ — খ

৫. অঙ্কপাতনে কতটি প্রতীক ব্যবহার করা হয়? (সহজ)
ক) ২ খ) ৫ গ) ১০ ঘ) ১০০ — গ

৬. দশমিক বা দশ গুণোত্তর রীতিতে কয়েকটি অঙ্ক পাশাপাশি বসিয়ে সংখ্যা লিখলে এর সর্বাপেক্ষা ডানদিকের অঙ্কটি কোন ধরনের মান প্রকাশ করে? (সহজ)
ক) ঋণাত্মক মান খ) অস্বাভাবিক মান
গ) স্বকীয় মান ঘ) শতগুণ — গ

৭. পাটিগণিতে কয়টি প্রতীক দ্বারা সব সংখ্যাই প্রকাশ করা যায়? (সহজ)
ক) ৫ খ) ১০ গ) ৫০ ঘ) ১০০ — খ

৮. শূন্য ব্যতীত বাকি সংখ্যাগুলো কোন ধরনের সংখ্যা? (সহজ)
ক) স্বাভাবিক সংখ্যা খ) অস্বাভাবিক সংখ্যা
গ) মৌলিক সংখ্যা ঘ) যৌগিক সংখ্যা — ক

৯. সবচেয়ে ছোট স্বাভাবিক সংখ্যা কোনটি? (সহজ) /সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর; নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ক) ০ খ) ১ গ) ২ ঘ) ৩ — খ

১০. ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০ প্রতীকগুলোর মধ্যে স্বাভাবিক সংখ্যা কয়টি? (সহজ) /চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ক) ১ খ) ৪ গ) ৯ ঘ) ১০ — গ

১১. ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০ প্রতীকগুলোর মধ্যে—
i. ৯টি স্বাভাবিক সংখ্যা
ii. শেষের সংখ্যাটিকে শূন্য (০) বলা হয়
iii. প্রথম ৫টি সার্থক সংখ্যা
নিচের কোনটি সঠিক? (মধ্যম) /ফজলুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা/
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ক

১২. দশভিত্তিক সংখ্যা প্রকাশের রীতিকে বলে—
i. দশমিক রীতি
ii. এক গুণোত্তর রীতি
iii. দশ গুণোত্তর রীতি
নিচের কোনটি সঠিক? (মধ্যম)
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — খ

নিচের তথ্যের আলোকে (১৩-১৫) নং প্রশ্নের উত্তর দাও।
পাটিগণিতে দশটি প্রতীক দ্বারা সব সংখ্যাই প্রকাশ করা যায়। এ প্রতীকগুলো হলো: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০। এগুলোকে অঙ্কও বলা হয়।

১৩. উদ্দীপকে উল্লিখিত সংখ্যা প্রতীকগুলোর মধ্যে সার্থক অঙ্ক কয়টি? (সহজ)
ক) ১ খ) ৪ গ) ৫ ঘ) ৯ — ঘ

ব্যাখ্যা: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ এই ৯টি অঙ্ককে সার্থক অঙ্ক বলা হয়।

১৪. উদ্দীপকের শেষ চারটি অঙ্ক নিয়ে গঠিত ক্ষুদ্রতম সংখ্যা নিচের কোনটি? (সহজ)
ক) ৭০৮৯ খ) ৮৯০৭ গ) ৯০৮৭ ঘ) ৯৮০৭ — ক

১৫. একই অঙ্ক মাত্র একবার ব্যবহার করে উদ্দীপকের অঙ্কগুলোর সাহায্যে গঠিত চার অঙ্কের বৃহত্তম সংখ্যা কোনটি? (সহজ)
ক) ৯৯৯৯ খ) ৯৮৯৮ গ) ৯৮৭৬ ঘ) ৯৭৮৬ — গ

ব্যাখ্যা: এখানে, বৃহত্তম অঙ্ক চারটি হলো, ৯, ৮ ৭ ও ৬।
সুতরাং চার অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৮৭৬।

#### ১.২ দেশীয় সংখ্যাপঠন রীতি | Text পৃষ্ঠা-২

TOP TIPS

- দেশীয় সংখ্যাপঠন রীতিতে সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান যথাক্রমে একক, দশক ও শতক প্রকাশ করে।
- চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম স্থানকে যথাক্রমে হাজার, অযুত, লক্ষ, নিযুত ও কোটি বলা হয়।
- চার বা ততোধিক অঙ্কে লিখিত সংখ্যা সহজে ও শুদ্ধভাবে পড়ার জন্য কমা (,) ব্যবহার করা হয়।
- যেকোনো সংখ্যার ডানদিক থেকে তিন অঙ্ক পরে একটি কমা এবং এরপর দুই অঙ্ক পরপর কমা বসাতে হয়।

চিহ্নিত প্রশ্নগুলো একাধিক স্কুলের পরীক্ষায় আসা প্রশ্ন।

১৬. নিচের কোনটি আট অঙ্কের বৃহত্তম সংখ্যা? (মধ্যম)
ক ৮৭৬,৫৪৩২১ খ ১২৩৪৫৬৭৮
গ ১০০০০০০০ ঘ ৯৯৯৯৯৯৯৯

১৭. পাঁচ অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার অযুতের ঘরে ৯ ও হাজারের ঘরে ৪ এবং অবশিষ্ট অঙ্কগুলো শূন্য (০) থাকলে সংখ্যাটি কিভাবে পড়তে হবে? (মধ্যম)
ক চুরানব্বই হাজার খ আট লক্ষ পাঁচ হাজার
গ পঁচাশি লক্ষ ঘ আট হাজার পাঁচশ

ব্যাখ্যা:

| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| ৯ | ৪ | ০ | ০ | ০ |

১৮. "চল্লিশ হাজার সত্তর" সংখ্যাটি কমা ব্যবহার করে অঙ্কে লিখলে কোনটি সঠিক হবে? (সহজ)
ক ৪,০৭০ খ ৪০,০৭০
গ ৪,০০,৭০ ঘ ৪,০০,০৭০

ব্যাখ্যা: কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্কপাতন করে পাই,

| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| ৪ | ০ | ০ | ৭ | ০ |

∴ সংখ্যাটি = ৪০,০৭০

১৯. এক কোটি অপেক্ষা বড় কিন্তু দশ কোটি অপেক্ষা ছোট একটি স্বাভাবিক সংখ্যা লিখতে কয়টি অঙ্ক লাগবে? (কঠিন)
ক ৯ খ ৮ গ ৭ ঘ ৬

ব্যাখ্যা: এক কোটি অপেক্ষা বড় কিন্তু দশ কোটি অপেক্ষা ছোট সবচেয়ে বড় সংখ্যাটি ৯,৯৯,৯৯,৯৯৯। এখানে ৮টি অঙ্ক আছে বাকি ক্ষেত্রে একই সংখ্যক অঙ্ক লাগবে।

২০. ৪, ৮, ১, ২, ৫, ৭, ৯ অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নিচের কোনটি? (মধ্যম)
ক ৯৮৭৫৪২১ খ ৮৫৯১২৪৫
গ ১২৪৫৭৮৯ ঘ ১২৪৫৭৯৮

২১. ৭৩৪৫৫ সংখ্যাটির অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজিয়ে কথায় প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)
ক পঞ্চান্ন হাজার তিনশ সাঁইত্রিশ
খ পঞ্চান্ন হাজার চারশ সাঁইত্রিশ
গ পঞ্চান্ন হাজার সাতশ তেতাল্লিশ
ঘ পঞ্চান্ন হাজার তিনশ সাতচল্লিশ

ব্যাখ্যা: ৭৩৪৫৫ সংখ্যাটির অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজিয়ে লিখলে প্রাপ্ত সংখ্যা ৫৫৪৩৭; সংখ্যাটিতে কমা বসালে পাই, ৫৫,৪৩৭ এখন কথায় সংখ্যাটি হলো, পঞ্চান্ন হাজার চারশ সাঁইত্রিশ।

২২. নিচের কোনটি পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা? (সহজ)
/[illegible] পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট/
ক ১১১১১ খ ৯০০০০ গ ৯৮৭৬৫ ঘ ৯৯৯৯৯

ব্যাখ্যা: পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা হলো পর পর পাঁচটি ৯ অর্থাৎ, ৯৯৯৯৯

২৩. নিচের কোনটি সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা? (সহজ)
ক ১০০০০০০ খ ১১১১১১১
গ ১২৩৪৫৬৭ ঘ ৯৯৯৯৯৯৯

ব্যাখ্যা: সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হলো ১ এর পর ছয়টি ০ অর্থাৎ, ১০০০০০০

২৪. দেশীয় সংখ্যাপঠন রীতিতে —
i. অযুত ও হাজারের ঘর মিলিয়ে যত হাজার হয়, তত হাজার পড়া হয়
ii. নিযুত ও লক্ষের ঘর মিলিয়ে যত লক্ষ হয়, তত লক্ষ হিসেবে পড়া হয়
iii. হাজারের ঘরে সর্বোচ্চ দুই অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায়
নিচের কোনটি সঠিক? (কঠিন)
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

ব্যাখ্যা:

| কোটি | লক্ষ | | হাজার | | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|---|
| কোটি | নিযুত | লক্ষ | অযুত | হাজার | | | |
| অষ্টম | সপ্তম | ষষ্ঠ | পঞ্চম | চতুর্থ | তৃতীয় | দ্বিতীয় | প্রথম |

নিচের অঙ্কগুলো লক্ষ কর এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:
৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭

২৫. একটি অঙ্ক মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা নিচের কোনটি? (মধ্যম)
ক ৯৮,৭৫,৪৩০ খ ৮৯,৭৫,৪৩০
গ ৩৪,৫৭,৮৯০ ঘ ৩০,৪৫,৭৮৯

ব্যাখ্যা: অঙ্কগুলোকে বড় থেকে ছোট ক্রমে সাজিয়ে পাই,
৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০
∴ নির্ণেয় সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা : ৯৮,৭৫,৪৩০

২৬. একটি অঙ্ক মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নিচের কোনটি? (মধ্যম)
ক ৯৮,৭৫,৪৩০ খ ৯০,৮৭,৫৪৩
গ ৩৪,৫৭,৮৯০ ঘ ৩০,৪৫,৭৮৯

ব্যাখ্যা: অঙ্কগুলোকে ছোট থেকে বড় ক্রমে সাজিয়ে পাই,
০ < ৩ < ৪ < ৫ < ৭ < ৮ < ৯
কিন্তু সর্ববামে ০ (শূন্য) থাকলে তা সাত অঙ্কবিশিষ্ট হবে না।
সুতরাং নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা : ৩০,৪৫,৭৮৯

## ১.৩ আন্তর্জাতিক গণনা পদ্ধতি | Text পৃষ্ঠা-৪

TOP TIPS

- আন্তর্জাতিক রীতিতে একক, দশক ও শতকের ঘরের অঙ্কগুলো আমাদের দেশীয় রীতিতেই পড়া ও কথায় প্রকাশ করা হয়
- শতকের ঘরের বামদিকের ঘরটি হাজারের ঘরে অনূর্ধ্ব ৩ অঙ্কবিশিষ্ট লেখা যায় এবং যে সংখ্যা লেখা হয় তত হাজার পড়া হয়
- হাজারের ঘরের বামদিকের ঘর মিলিয়নের এবং এ ঘরে অনূর্ধ্ব তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায় এবং যে সংখ্যা লেখা হয় তত মিলিয়ন পড়া হয়
- মিলিয়নের ঘরের বামের ঘর বিলিয়নের এবং এ ঘরে যে সংখ্যা লেখা হয় তত বিলিয়ন পড়া হয়
- কোনো সংখ্যা শুদ্ধভাবে ও সহজে পড়ার জন্য যে রীতিতে ডান দিক থেকে তিন অঙ্ক পরপর কমা (,) বসানো হয়, তা আন্তর্জাতিক গণনা পদ্ধতি

২৭. ১০০০০০০ সংখ্যাটি আন্তর্জাতিক রীতিতে কত? (সহজ)
ক দশ লক্ষ খ ১ মিলিয়ন
গ ১ নিযুত ঘ ০.১ কোটি

২৮. কমা ব্যবহার করে ৯০০০০০ সংখ্যাটির আন্তর্জাতিক গণনার সঠিক রূপ কোনটি? (মধ্যম)
ক ৯,০০০০০ খ ৯০,০০০০
গ ৯০০,০০০ ঘ ৯,০০,০০০

২৯. আন্তর্জাতিক রীতিতে ডান দিক থেকে কত অঙ্ক পর প্রথম কমা বসাতে হয়? (মধ্যম) /চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়/
ক এক অঙ্ক খ দুই অঙ্ক
গ তিন অঙ্ক ঘ চার অঙ্ক

৩০. আন্তর্জাতিক গণনা পদ্ধতি অনুযায়ী বিলিয়ন, মিলিয়ন ও হাজারের ঘরে সর্বোচ্চ কত অঙ্ক বিশিষ্ট সংখ্যা লেখা যায়? (সহজ)
ক এক খ দুই গ তিন ঘ চার

৩১.

| হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|
| ১১১ | ০ | ০ | ০ |

ছকে লিখিত সংখ্যাটি আন্তর্জাতিক পদ্ধতিতে পড়লে কী হবে? (মধ্যম)
ক একশ এগারো হাজার
খ এক মিলিয়ন এগারো হাজার
গ এগারো শ এগারো হাজার
ঘ এগারো মিলিয়ন এগারো হাজার

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA

৩২. আন্তর্জাতিক রীতিতে—

i. ১ মিলিয়ন = ১০ লক্ষ

ii. কোনো সংখ্যার ডানদিক থেকে তিন অঙ্ক পরপর কমা বসানো হয়

iii. হাজারের ঘরে অনূর্ধ্ব ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা লেখা যায়

নিচের কোনটি সঠিক? (মধ্যম) /বি.কুমারগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii — ক

নিচের সংখ্যাগুলো লক্ষ কর এবং (৩৩ ও ৩৪) প্রশ্নের উত্তর দাও:

১,০০,০০০; ২০৪,০০০,০০০,০০০

৩৩. দ্বিতীয় সংখ্যাটি কথায় প্রকাশ করলে কত হবে? (সহজ)

(ক) ২০৪ মিলিয়ন (খ) বিশ হাজার মিলিয়ন

(গ) ২ বিলিয়ন চল্লিশ মিলিয়ন (ঘ) দুইশ চার বিলিয়ন — ঘ

ব্যাখ্যা:

| বিলিয়ন | মিলিয়ন | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|
| ২০৪ | ০০০ | ০০০ | ০ | ০ | ০ |

৩৪. দেশীয় পদ্ধতিতে প্রথম সংখ্যাটির লিখিত রূপ কোনটি? (সহজ)

(ক) দশ লক্ষ (খ) এক লক্ষ

(গ) একশত হাজার (ঘ) ১ কোটি — খ

**১.৪ দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক** | Text পৃষ্ঠা-৫ TOP TIPS

- ১ মিলিয়ন = ১০ লক্ষ
- ১০ মিলিয়ন = ১০০ লক্ষ
- ১ বিলিয়ন = ১০০ কোটি
- ৫৪২৩২১৭৯২ সংখ্যাটির দেশীয় রীতিতে লিখিত রূপ:
  ৫৪,২৩,২১,৭৯২
  কথায় প্রকাশ: চুয়ান্ন কোটি তেইশ লক্ষ একুশ হাজার সাতশ বিরানব্বই।
  আন্তর্জাতিক রীতি: ৫৪২,৩২১,৭৯২
  পাঁচশ বিয়াল্লিশ মিলিয়ন তিনশ একুশ হাজার সাতশ বিরানব্বই।

৩৫. ৭ মিলিয়নে কত লক্ষ? (মধ্যম)

(ক) ১০ (খ) ৭০ (গ) ১০০ (ঘ) ৫০০ — খ

ব্যাখ্যা: ১ মিলিয়ন = ১০ লক্ষ

∴ ৭ " = ৭ × ১০ বা ৭০ লক্ষ

৩৬. ৬০০ কোটিতে কত বিলিয়ন? (মধ্যম)

(ক) ৬০০ (খ) ৬০ (গ) ৬ (ঘ) ০.৬ — গ

ব্যাখ্যা: ১০০ কোটি = ১ বিলিয়ন

∴ ৬০০ কোটি = ৬ বিলিয়ন

৩৭. ৮০০ লক্ষ = ? (মধ্যম)

(ক) ৮ মিলিয়ন (খ) ৮ বিলিয়ন

(গ) ৮০ মিলিয়ন (ঘ) ৮ বিলিয়ন — গ

৩৮. ৬ বিলিয়ন = কত মিলিয়ন? (মধ্যম)

(ক) ৬০ (খ) ৬০০ (গ) ৬০০০ (ঘ) ৬০০০০ — গ

ব্যাখ্যা: ১ বিলিয়ন = ১০০০ মিলিয়ন

∴ ৬ " = ৬০০০ "

নিচের সংখ্যাগুলো লক্ষ কর এবং (৩৯-৪১) প্রশ্নের উত্তর দাও:

৩০০০০০০, ১০০০ কোটি, ৩০ লক্ষ

৩৯. প্রথম সংখ্যাটি কত মিলিয়নের সমান? (মধ্যম)

(ক) ৩ (খ) ৫০ (গ) ৫০০ (ঘ) ৫০০০ — ক

৪০. দ্বিতীয় সংখ্যাটি কত বিলিয়নের সমান? (মধ্যম)

(ক) ১০০ (খ) ২০ (গ) ১০ (ঘ) ১ — গ

ব্যাখ্যা: ১ বিলিয়ন = ১০০ কোটি

৪১. কমা ব্যবহার করে তৃতীয় সংখ্যাটির আন্তর্জাতিক সঠিক রূপ কোনটি? (মধ্যম)

(ক) ৩০,০০০,০০ (খ) ৩,০০০,০০০

(গ) ৩০০০,০০০ (ঘ) ৩০,০০,০০,০ — ঘ

ব্যাখ্যা: আন্তর্জাতিক পদ্ধতিতে ডানদিক থেকে তিন অঙ্ক পরপর কমা বসানো হয়।

Tutor: অধ্যায়ভিত্তিক নিজের প্রস্তুতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে যাও। বহুনির্বাচনি প্রশ্নকাঠামোর ওপর পরীক্ষা দাও। বহুনির্বাচনি প্রশ্নের ওপর পরীক্ষা দেওয়ার জন্য মোবাইলে POLE অ্যাপটি ব্যবহার করো।

POLE Panjeree Online Exam

## প্র্যাকটিস অংশ: সৃজনশীল রচনামূলক

■ ৮টি সৃজনশীল প্রশ্ন | ৫টি পরীক্ষায় কমন পেতে | ৩টি সৃজনশীল প্রশ্নব্যাংক

### পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

Tutor: অনুশীলনীর প্রশ্নের পাশাপাশি এ অংশে দেওয়া প্রশ্নগুলো সর্বাধিক গুরুত্ব দিয়ে প্র্যাকটিস করো। তাহলে এ অধ্যায়ের সকল শিখনফলের ওপর প্রস্তুতি সম্পন্ন হবে।

**প্রশ্ন ▶ ১** ৪, ০, ৭, ৬, ৯, ৮, ২ কতকগুলো অঙ্ক।

ক. ১০ মিলিয়ন = কত লক্ষ? ২

খ. একই অঙ্ক মাত্র একবার ব্যবহার করে উদ্দীপকের অঙ্কগুলো দ্বারা সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর। ৪

গ. উদ্দীপকের সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটির ৪ ও ৭ এর স্থানীয় মান লেখ এবং বৃহত্তম সংখ্যাটিকে আন্তর্জাতিক রীতিতে কমা ব্যবহার করে অঙ্কে লিখ এবং কথায় লেখ। ৪

**১ নং প্রশ্নের সমাধান**

**ক** আমরা জানি,

১ মিলিয়ন = ১০ লক্ষ

∴ ১০ ,, = (১০ × ১০) লক্ষ = ১০০ লক্ষ (উত্তর)

**খ** ৪, ০, ৭, ৬, ৯, ৮, ২

অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তম অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতম অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।

এখানে, ৯ > ৮ > ৭ > ৬ > ৪ > ২ > ০

সুতরাং বড় থেকে ছোট অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।

∴ বৃহত্তম সংখ্যা ৯৮,৭৬,৪২০ (উত্তর)

আবার, ০ < ২ < ৪ < ৬ < ৭ < ৮ < ৯

সংখ্যাটি ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে। কিন্তু সর্ববামে ০ (শূন্য) বসালে প্রাপ্ত সংখ্যাটি অর্থবোধক সাত অঙ্কের সংখ্যা না হয়ে ছয় অঙ্কের হবে। অতএব, ০ (শূন্য) বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

∴ ক্ষুদ্রতম সংখ্যা ২০, ৪৬,৭৮৯ (উত্তর)

**গ** 'খ' হতে প্রাপ্ত ক্ষুদ্রতম সংখ্যা ২০, ৪৬,৭৮৯

প্রদত্ত সংখ্যাটিতে ৪ এর স্থানীয় মান ৪ অযুত

অর্থাৎ ৪ × ১০,০০০ বা ৪০,০০০

এবং সংখ্যাটিতে ৭ এর স্থানীয় মান ৭ শতক অর্থাৎ ৭ × ১০০ বা ৭০০

আবার, 'খ' হতে প্রাপ্ত বৃহত্তম সংখ্যা ৯৮৭৬৪২০

প্রদত্ত সংখ্যাটির ডানদিক থেকে তিন অঙ্ক পরপর কমা বসিয়ে আমরা পাই, ৯,৮৭৬,৪২০। (উত্তর)

সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে আমরা পাই,

নয় মিলিয়ন আটশ ছিয়াত্তর হাজার চারশ বিশ। (উত্তর)

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

**প্রশ্ন ▶২** 'নয় লক্ষ সাত হাজার একশ পঁচাশি' কথায় লেখা একটি সংখ্যা।

ক. ৯৪৩০৯৭১ সংখ্যাটিকে কথায় লিখ। ২

খ. কথায় লেখা সংখ্যাটিকে অঙ্কে লিখে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা পাওয়া যায় তা আন্তর্জাতিক পদ্ধতিতে ও দেশীয় পদ্ধতিতে কথায় লেখ। ৪

গ. উদ্দীপকের সংখ্যাটিকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা পাওয়া যায় সেই সংখ্যাটির সার্থক অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় কর। ৪

## ২ নং প্রশ্নের সমাধান

**ক** নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯৪, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৩০, শতকের ঘরে ৯, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ১ অবস্থিত।
সুতরাং সংখ্যাটি হলো: চুরানব্বই লক্ষ ত্রিশ হাজার নয়শ একাত্তর।

**খ** অঙ্কে লিখে সংখ্যাটি হবে ৯,০৭,১৮৫।
সংখ্যাটির অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে পাওয়া যায় ৫৮১৭০৯।
সংখ্যাটিকে ডান দিক থেকে তিন অঙ্ক পরপর কমা বসিয়ে পাই, ৫৮১,৭০৯
সুতরাং, আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ করলে হয়: পাঁচশ একাশি হাজার সাতশ নয়। (উত্তর)
আবার, সংখ্যাটিতে দেশীয় পদ্ধতিতে কমা বসিয়ে পাই, ৫,৮১,৭০৯
এখন লক্ষের ঘরে একটি অঙ্ক ৫, অযুত ও হাজারের ঘরে দুইটি অঙ্ক মিলিয়ে ৮১, শতকের ঘরে ৭, দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৯। সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: পাঁচ লক্ষ একাশি হাজার সাতশ নয়। (উত্তর)

**গ** 'খ' এ প্রাপ্ত অঙ্কে লেখা সংখ্যাটি হলো ৫,৮১,৭০৯ সংখ্যাটিতে সার্থক অঙ্কগুলো হলো ৯, ৭, ১, ৮ এবং ৫।
৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯ × ১ = ৯ বা নয়
৭ এর স্থানীয় মান ৭ শতক বা ৭ × ১০০ = ৭০০ বা সাতশ
১ এর স্থানীয় মান ১ হাজার বা ১ × ১০০০ = ১০০০ বা এক হাজার
৮ এর স্থানীয় মান ৮ অযুত বা ৮ × ১০০০০ = ৮০০০০ বা আশি হাজার
৫ এর স্থানীয় মান ৫ লক্ষ বা ৫ × ১০০০০০ = ৫০০০০০ বা পাঁচ লক্ষ
∴ ৫, ৮১, ৭০৯, সংখ্যাটিতে সার্থক অঙ্কগুলো ৫, ৮, ১, ৭, ৯ এর স্থানীয় মান যথাক্রমে পাঁচ লক্ষ, আশি হাজার, এক হাজার, সাতশ এবং নয়। (উত্তর)

**প্রশ্ন ▶৩** ৯ বৃহত্তম অঙ্ক এবং ০ ক্ষুদ্রতম অঙ্ক।

ক. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যাটি লেখ। ২

খ. সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটিকে কথায় লেখ। ৪

গ. সাত অঙ্কের কোন বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার প্রথমে ৬ এবং শেষে ৭ আছে? ৪

## ৩ নং প্রশ্নের সমাধান

**ক** পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা হলো ৯৯৯৯৯। (উত্তর)

**খ** সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯৯৯।
সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পরপর কমা (,) বসিয়ে পাই, ৯৯,৯৯,৯৯৯
∴ সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: নিরানব্বই লক্ষ নিরানব্বই হাজার নয়শ নিরানব্বই। (উত্তর)
আবার, সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০০০০০।
সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পরপর কমা (,) বসিয়ে পাই, ১০,০০,০০০।
∴ সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: দশ লক্ষ। (উত্তর)

**গ** সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯,৯৯,৯৯৯।
নির্ণেয় সাত অঙ্কের বৃহত্তম সংখ্যাটির প্রথমে ৬, শেষে ৭ এবং বাকি স্থানগুলোতে ৯ বসবে।
∴ সংখ্যাটি ৬৯,৯৯,৯৯৭। (উত্তর)
আবার, 'খ' থেকে পাই, সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০,০০,০০০।
নির্ণেয় সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটির প্রথমে ৬, শেষে ৭ এবং বাকি স্থানগুলোতে ০ বসবে।
∴ সংখ্যাটি ৬০,০০,০০৭। (উত্তর)

**প্রশ্ন ▶৪** 'আট বিলিয়ন তিনশ চল্লিশ মিলিয়ন চারশ বত্রিশ হাজার পাঁচ' আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় লেখা একটি সংখ্যা।

ক. ১ বিলিয়নে কত কোটি? ২

খ. দেশীয় রীতিতে সংখ্যাটিকে কথায় লেখ। ৪

গ. সংখ্যাটিকে বিপরীতক্রমে সাজিয়ে আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় লেখ। ৪

## ৪ নং প্রশ্নের সমাধান

**ক** ১ বিলিয়ন = ১০০ কোটি। (উত্তর)

**খ** কথায় প্রকাশিত প্রদত্ত সংখ্যাটিকে অঙ্কপাতন করে পাই,

| বিলিয়ন | মিলিয়ন | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|
| ৮ | ৩৪০ | ৪৩২ | ০ | ০ | ৫ |

∴ অঙ্কে সংখ্যাটি ৮৩৪০৪৩২০০৫।
এখন দেশীয় রীতিতে সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এর পর দুই ঘর পর পর কমা (,) বসিয়ে পাই ৮৩৪,০৪,৩২,০০৫
∴ সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: আটশ চৌত্রিশ কোটি চার লক্ষ বত্রিশ হাজার পাঁচ। (উত্তর)

**গ** প্রদত্ত সংখ্যাটি ৮৩৪০৪৩২০০৫। এখন সংখ্যাটিকে বিপরীতক্রমে সাজিয়ে পাওয়া যাবে ৫০০২৩৪০৪৩৮।
ডান দিক থেকে তিন অঙ্ক পর পর কমা বসিয়ে আমরা পাই, ৫,০০২,৩৪০,৪৩৮।
সুতরাং, সংখ্যাটিকে আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ করলে হয়: পাঁচ বিলিয়ন দুই মিলিয়ন তিনশ চল্লিশ হাজার চারশ আটত্রিশ। (উত্তর)

**প্রশ্ন ▶৫** ৭০৫৯৬৮ একটি সংখ্যা।

ক. উদ্দীপকের সংখ্যাটিকে কমা বসিয়ে দেশীয় রীতিতে কথায় লেখ। ২

খ. উদ্দীপকের অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ। ৪

গ. বৃহত্তম সংখ্যাটির ৮ এর স্থানীয় মান হতে ক্ষুদ্রতম সংখ্যাটির ৭ এর স্থানীয় মান কত ছোট তা কথায় লেখ। ৪

## ৫ নং প্রশ্নের সমাধান

**ক** ৭০৫৯৬৮
সংখ্যাটির ডান দিক থেকে তিন ঘর পরে কমা (,); এরপর দুই ঘর পর পর কমা (,) বসালে আমরা পাই, ৭, ০৫, ৯৬৮
সুতরাং সংখ্যাটি কথায় প্রকাশ করলে পাই,
সাত লক্ষ পাঁচ হাজার নয়শত আটষট্টি। (উত্তর)

**খ** ৭০৫৯৬৮
অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তম অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতম অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।
এখানে, ৯ > ৮ > ৭ > ৬ > ৫ > ০
সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।
∴ বৃহত্তম সংখ্যা ৯,৮৭,৬৫০ (উত্তর)
আবার, ০ < ৫ < ৬ < ৭ < ৮ < ৯
সংখ্যাটি ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে। কিন্তু সর্ববামে ০ (শূন্য) বসালে প্রাপ্ত সংখ্যাটি পাঁচ অঙ্কের হয় যা ছয় অঙ্কের অর্থপূর্ণ সংখ্যা না।

অতএব, ০ (শূন্য) বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে বসিয়ে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।
∴ ক্ষুদ্রতম সংখ্যা ৫,০৬,৭৮৯ (উত্তর)

**গ** 'খ' হতে পাই,
বৃহত্তম সংখ্যাটি, ৯৮৭৬৫০
প্রদত্ত সংখ্যাটিতে ৮ এর স্থানীয় মান ৮ অযুত অর্থাৎ ৮ × ১০,০০০ বা, ৮০,০০০
এবং ক্ষুদ্রতম সংখ্যাটি, ৫০৬৭৮৯
প্রদত্ত সংখ্যাটিতে ৭ এর স্থানীয় মান ৭ শতক অর্থাৎ ৭ × ১০০ বা ৭০০
∴ বৃহত্তম সংখ্যাটির ৮ এর স্থানীয় মান ও ক্ষুদ্রতম সংখ্যাটির ৭ এর স্থানীয় মানের পার্থক্য = ৮০,০০০ − ৭০০ = ৭৯,৩০০
৭৯,৩০০ সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে পাওয়া যাবে,
উনআশি হাজার তিনশত (উত্তর)

## প্রশ্নব্যাংক

এ সৃজনশীল প্রশ্নগুলোর সমাধান নিজে নিজেই করবে। এরপর উত্তরের সাথে মিলিয়ে নিবে।

**প্রশ্ন ▶ ৬** 'আট কোটি তের লক্ষ আটাশ হাজার নয়শত' কথায় লেখা একটি সংখ্যা।
ক. সংখ্যাটিকে অঙ্কে লেখ। ২
খ. সংখ্যাটির অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর। ৪
গ. 'খ' তে প্রাপ্ত বৃহত্তম সংখ্যাটির যে সকল সার্থক অঙ্ক আছে তাদের স্থানীয় মান নির্ণয় কর। ৪

**উত্তর:** ক. ৮, ১৩, ২৮, ৯০০; খ. ৯, ৮৩, ২১০; ১, ০২, ৩৮৯; গ. নয় লক্ষ, আশি হাজার, তিন হাজার, দুইশ এবং দশ।

**প্রশ্ন ▶ ৭** ৬, ৩, ৮, ৫, ০, ২ অঙ্কগুলো লক্ষ কর।
ক. এক মিলিয়নে কত লক্ষ? ২
খ. উদ্দীপকের অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর। ৪
গ. বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটিকে আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় লেখ। ৪

**উত্তর:** ক. দশ লক্ষ; খ. ৮,৬৫,৩২০ এবং ২,০৩,৫৬৮; গ. আটশ পঁয়ষট্টি হাজার তিনশ বিশ এবং দুইশ তিন হাজার পাঁচশ আটষট্টি।

**প্রশ্ন ▶ ৮** ৭, ৩, ৯, ০, ৮, ৪, ৫ কয়েকটি অঙ্ক।
*[মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক. অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে ৭ অঙ্কের বৃহত্তম সংখ্যা লিখ। ২
খ. উপরোক্ত অঙ্কগুলো দ্বারা বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লিখ যার প্রথমে ৩ এবং শেষে ৮ আছে। ৪
গ. সার্থক অঙ্কগুলো নিয়ে গঠিত বৃহত্তম সংখ্যাটির স্থানীয় মান নির্ণয় করো। ৪

**উত্তর:** ক. ৯৮৭৫৪৩০; খ. ৩৯৭৫৪০৮ এবং ৩০৪৫৭৯৮
গ. ৯৮৭৫৪৩ সংখ্যাটিতে ৩, ৪, ৫, ৭, ৮, ৯ এর স্থানীয় মানসমূহ যথাক্রমে তিন, চল্লিশ, পাঁচশ, সাত হাজার, আশি হাজার, নয় লক্ষ।

অধ্যায়ভিত্তিক নিজের প্রস্তুতি যাচাই করতে অধ্যায়ের শেষে 'ঘরে বসে পরীক্ষা' অংশে যাও। সৃজনশীল প্রশ্নকাঠামোর ওপর পরীক্ষা দাও। আরও প্রশ্ন অনুশীলন করতে ব্রাউজারের অ্যাড্রেস বারে টাইপ করো-- panjeree.com/c06/mthq0119.pdf

internet linked

## রিভিশন অংশ

এ অংশে অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুলিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে প্রশ্নের সমাধান করতে পারবে।

- মাত্র দশটি প্রতীক দ্বারা সব সংখ্যাই প্রকাশ করা হয়। প্রতীকগুলো হলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০। এদের মধ্যে শূন্য ব্যতীত বাকি ৯টি প্রতীককে সার্থক অঙ্ক বলা হয়।
- ৯ থেকে বড় সব সংখ্যা দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লিখতে হয়।
- কোটির ঘরের অঙ্ককে কোটি পড়তে হয়। কোটির ঘরের বামদিকের সব ঘরের অঙ্কগুলোকে কোটির ঘরের সাথে মিলিয়ে যত কোটি হয় তত কোটি পড়তে হয়।
- যেহেতু শূন্য (০) অভাবজ্ঞাপক অঙ্ক তাই এর কোনো স্থানীয় মান ধরা হয় না।
- দেশীয় সংখ্যাপঠন রীতিতে অযুত ও হাজারের ঘর এবং লক্ষ ও নিযুতের ঘর একত্রে পড়তে হয়।
- আন্তর্জাতিক গণনা পদ্ধতিতে হাজারের পরে মিলিয়নের ঘর তারপর বিলিয়নের ঘর বিদ্যমান থাকে।
- দেশীয় ও আন্তর্জাতিক রীতির সম্পর্ক:
  ১ মিলিয়ন = ১০ লক্ষ; ১ বিলিয়ন = ১০০ কোটি
- আন্তর্জাতিক পদ্ধতিতে সংখ্যার ডানদিক থেকে তিন অঙ্ক পর পর কমা বসাতে হয়।
- দেশীয় রীতিতে কোনো সংখ্যার ডানদিক থেকে তিন অঙ্ক পরে একটি কমা এবং এরপর দুই অঙ্ক পর পর কমা বসাতে হয়।

## সাজেশন অংশ

এখানে অধ্যায়টির বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কসহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ প্রশ্নগুলোর সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো প্রশ্নের সমাধান সহজেই করতে পারবে।

সাজেশনে দেওয়া প্রশ্নগুলো মার্কার দিয়ে দাগিয়ে রাখো। পরীক্ষার আগে রিভিশন দিতে সুবিধা হবে।

▶ সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন নম্বর

| | |
|---|---|
| ★★ | ৩, ৭, ৯, ১০, ১১, ১৩-১৫, ১৮, ২২, ২৯, ৩৩-৩৪, ৩৭ |
| ★ | ৪, ৮, ১৬, ২০, ২৪, ৩০, ৩৬, ৩৮ |

▶ সৃজনশীল রচনামূলক প্রশ্ন নম্বর

| | |
|---|---|
| ★★ | ১, ৪, ৫ |
| ★ | ৩, ৭ |